দৈনিক ইত্তেফাক

তারিখ 17 AUG 1987
পৃষ্ঠা ৩ কলাম ৮

057

## শিক্ষা ও সংস্কৃতিকে যেকোন মূল্যে রক্ষা করিতে হইবে'

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলিয়াছেন, যে জাতির শিক্ষা ও সংস্কৃতি বিনষ্ট হইয়া যায় সে জাতির স্বাধীন ও সার্বভৌম সত্তা এবং অস্তিত্ব বিলুপ্ত হয়। তিনি বলেন, তাই আমাদের কষ্টার্জিত স্বাধীনতা ও সার্বভৌমত্বকে রক্ষা ও সুসংহত করার স্বার্থে আমাদের শিক্ষা ও সংস্কৃতিকে যে কোন মূল্যে রক্ষা করিতে হইবে।

মন্ত্রী গত শনিবার নিয়েমায়

(১০ম পৃঃ দ্রঃ)

## শিক্ষা ও সংস্কৃতি

( ৩য় পৃঃ পর )

আয়োজিত ১৫ দিনব্যাপী বিভিন্ন বেসরকারী কলেজ ও মাদ্রাসার অধ্যক্ষ এবং অন্যান্য প্রশিক্ষণার্থীদের "শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা" বিষয়ক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনকালে আরও বলেন, ইহা অপ্রিয় সত্য যে, আমাদের সংস্কৃতি ও শিক্ষা আজ আক্রান্ত। অনেক ক্ষেত্রে নিয়মিত ও সুষ্ঠু শিক্ষাব্যবস্থা হইতে বঞ্চিত হইয়া আমাদের ছেলে-মেয়েরা দলীয় রাজনীতি, নৈরাজ্য, সন্ত্রাস, হানাহানি ও অস্ত্রের শিকার। অনেক স্থানে শিক্ষাঙ্গন রূপান্তরিত হইয়াছে রণাঙ্গনে। তিনি বলেন, এ অবস্থার অবসান ঘটাইয়া সমগ্র জাতিকে পরিস্থিতির উন্নতির জন্য শপথ নিতে হইবে এবং সেই লক্ষ্যে কাজ করিতে হইবে। তথ্যবিবরণী।